গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট-১ অধিশাখা

নং-৪৪.০০.০০০০.০২৪.০৮.০০৯.২০১৯-

তারিখ ঃ ১৭ নভেম্বর, ২০১৯ খ্রিঃ।
০২ অগ্রহায়ণ ১৪২৬ বঃ

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালার আওতায় ঋনের আবেদন পর্যালোচনা ও এর ব্যবস্থাপনা সংক্রান্ত সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ। |
| স্থান | ঃ | অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), মহোদয়ের অফিস কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৬/১১/২০১৯, বেলা ১১.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য সভার সদস্য উপসচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। উপসচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে জননিরাপত্তা বিভাগ ও এর আওতধীন দপ্তর/অধীদপ্তর এর সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালার আওতায় ঋনের আবেদন পর্যালোচনা ও এর ব্যবস্থাপনা বিষয়ে আলোচ্য বিষয়বস্তুসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। আলোচ্য সূচি অনুযায়ী উপসচিব বাজেট-১ অধিশাখা অর্থ বিভাগ কর্তৃক এতদ্সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপন উপস্থিত সকলকে পড়ে শুনান এবং জারীকৃত নীতিমালার অস্পষ্টতা দূরীকরণে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

০৪। আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ পুলিশের পক্ষে অতিরিক্ত ডিআইজি জনাব মাহবুবুর রহমান ভূঁঞা জানান যে, বিদ্যমান নীতিমালা অনুযায়ী ঋণ গ্রহণ করতে হলে সোনালী , অগ্রনী, জনতা, রূপালী ও ডাচ বাংলা ব্যাংকে বেতন হিসাব খুলতে হবে। বাংলাদেশ পুলিশের বর্তমানে নিজস্ব কমিউনিটি ব্যাংকের বেতন বিলের হিসাব খোলা এবং হিসাব চলমান রয়েছে। এ ক্ষেত্রে জটিলতা নিরসনের জন্য বর্তমান নীতিমালার তফসীলে কমিউনিটি ব্যাংক এর নাম সংযোজন করা প্রয়োজন। তাছাড়া বর্তমান নীতিমালার ৭.১(ক) অনুযায়ী বাস্তাবায়নকারী কর্তৃপক্ষ ও ঋণ গ্রহীতা সরকারি কর্মচারীর সাথে আলোচনা করে নীতিমালার আলোকে Negosiated Repayment Schadule তৈরী করবে। কিন্তু ইতোমধ্যে প্রাপ্ত কিছু প্রাথমিক অনুমোদনে দেখা যাচ্ছে যে, ঋন গ্রহীতা প্রতিমাসে যে পরিমাণ ঋণ পরিশোধ করে তাঁর Take at Home Pay এর খুব কাছাকাছি। অনেক ক্ষেত্রে তার একাউন্টে ৫০০/- (পাঁচশত) টাকার কম টাকা থাকে। এত কম টাকা দিয়ে সে কিভাবে তাঁর জীবিকা নির্বাহ করবে তা বুঝা যায় না। এরূপ ঋণগ্রস্থ হয়ে সরকারি কর্মচারী কিভাবে জীবিকা নির্বাহ করবে তাও বুঝা যায় না এবং বিষয়টি সরকারি কর্মচারীর আচরণ সংক্রান্ত বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক। এ ক্ষেত্রে অবশ্যই সরকারের অন্যান্য নীতিমালা, নির্দেশনা, চাকুরী বিধিমালা, আচরণ বিধিমালার নির্দেশনার সাথে গৃহ নির্মাণ ঋর গ্রহণ নীতিমালা সমন্বয় করে সিদ্ধান্ত নিলে ভালো হবে।

০৫। আলোচনায় অংশ নিয়ে সভাপতি উল্লেখ করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশলগত (NIS) সরকার প্রচলন করেছে। এ ঋণের কিস্তি কাটার পরিমাণ এমন হতে হবে যাতে সরকারি কর্মচারী দূর্নীতি ও অসৎপথে অগ্রসর হতে বাধ্য না হয়। সকল ক্ষেত্রে আমাদের শুদ্ধাচার কৌশলপত্রের নীতিমালা অনুসরণ করা প্রয়োজন।

০৬। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি লেঃ কর্ণেল জনাব মহিবুর রহমান, পরিচালক, সদর দপ্তর জানান যে, আমাদের নিজস্ব কর্মকর্তা/কর্মচারীগণ সীমান্ত ব্যাংক এর মাধ্যমে বেতন ভাতা উত্তোলন করে এবং কর্মকর্তাগণ অধিকাংশই ট্রাস্ট ব্যাংকের মাধ্যমে বেতনভাতা উত্তোলন করে থাকে এ ক্ষেত্রে অন্য ব্যাংকে হিসাব খোলা সম্ভব নয়। সীমান্ত ব্যাংক তফসীলে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করছি। তাছাড়া কর্তন সিডিউল অবশ্যই জীবন ধারনের সাথে যৌক্তিক হতে হবে।

০৭। বাংলাদেশ কোস্ট গার্ডের প্রতিনিধি লেঃ কমান্ডার জনাব কে এস আরেফিন (এস,) বি এন জানান যে, বিজিবির মতো আমাদের কর্মকর্তা/কর্মচারীগন ট্রাস্ট ব্যাংকের মাধ্যমে বেতন বিল উত্তোলন করে। ট্রাস্ট ব্যাংক তফসিলে সংযুক্ত করা প্রয়োজন। কর্তন সিডিউল অবশ্যই জীবন যাত্রার সাথে যৌক্তিক হতে হবে।

০৮। বাংলাদেশ আনসার ও ভিডিপির প্রতিনিধি জনাব মোঃ মসাহিদুজ্জ জামান, পরিচালক(অর্থ) জনান যে, ঋণের কর্তন যৌক্তিক হওয়া প্রয়োজন। আমাদের বাহিনীর জন্য আনসার ও ভিডিপি ব্যাংককে তফসিল ভূক্ত করা প্রয়োজন।

০৯। আলোচনায় অংশ নিয়ে জনাব আবু নাছের ভূঁঞা, উপসচিব বাজেট-১ জানান যে, বাংলাদেশ ব্যাংক বা অন্যান্য তফসিলি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের তাদের ব্যাংকের নিজস্ব ঋণের বেলায় অনেক ক্ষেত্রে শুধু বাড়ী ভাড়া ভাতা EMI হিসেবে কর্তন করা হয়। এরূপ দৃষ্টান্ত অনুসরণ করে বিদ্যমান নীতিমালা সংশোধনের প্রস্তাব করা যেতে পারে।

চলমান পাতা-২

১০। সর্বশেষে সভাপতি সভাকে অবহিত করেন যে, গৃহ নির্মাণ ঋণ এর প্রস্তাব প্রেরণের সময় অর্থ বিভাগের নীতিমালা ও সরকারের চাকুরী ও অন্যান্য শৃংখলামূলক সংক্রান্ত বিধি-বিধান ও নির্দেশনার আলোকে পর্যালোচনা করে যুক্তিযুক্ত হলেই মতামত ও সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করলে আমরা তা অর্থ বিভাগে অগ্রায়ণ করবো। এ বিভাগ হতে অগ্রায়নের পূর্বে স্ব-স্ব দপ্তর/অধিদপ্তর নিজস্ব কর্তৃপক্ষের মাধ্যমে যৌক্তিকভাবে আবেদনসমুহ পর্যালোচনা করে সুপারিশসহ প্রস্তাব দিবে।

১১। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ-

(ক) বিদ্যমান গৃহ নির্মাণ ঋণ বিতরণ নীতিমালার সাথে সরকারের সকল আইনকানুন, বিধি-বিধান সমন্বয়ে সার্বিক বিষয় বিবেচনা করে আবেদন সুপারিশসহ অগ্রায়ন করতে হবে।

(খ) বাংলাদেশ পুলিশের জন্য কমিউনিটি ব্যাংক, বর্ডার গার্ড বাংলাদেশ এর জন্য সীমান্ত ব্যাংক ও ট্রাস্ট ব্যাংক, বাংলাদেশ কোস্ট গার্ড ও এনটিএমসির জন্য ট্রাস্ট ব্যাংক এবং আনসার ও ভিডিপির জন্য আনসার ভিডিপি ব্যাংক এর মাধ্যমে যেন বিদ্যামন ঋণ গ্রহণ ও বিতরণ করা যায় সে জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হবে।

(গ) জাতীয় শুদ্ধাচার কৌশলগত (NIS) বিষয়গুলো বিবেচনা করে কর্মসম্পাদন করতে হবে।

(ঘ) জননিরাপত্তা বিভাগে বর্তমানে রক্ষিত আবেদনসমূহ পুনঃপরীক্ষার জন্য স্ব-স্ব দপ্তর/ অধিদপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। স্ব-স্ব দপ্তর উল্লিখিত নির্দেশনাসমূহ বিবেচনায় এনে নতুন করে প্রস্তাব দিবে।

(ঙ) কাজের সুবিধার্থে জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধীদপ্তর এর সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালার আওতায় ঋনের আবেদনসমূহ গ্রেড ২০ হতে ১০ পর্যন্ত যুগ্মসচিব পর্যায়ে, গ্রেড ০৯ হতে ৬ষ্ট গ্রেড পর্যন্ত অতিরিক্ত সচিব পর্যায়ে এবং ৫ম গ্রেড হতে তদুর্দ্ধ পর্যন্ত সিনিয়র সচিব পর্যায়ে আবেদন নিস্পত্তির প্রস্তাব সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উল্লিখিত সিদ্ধান্তসমূহ প্রস্তাব আকারে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় পর্যায়ে সদয় অনুমোদনের জন্য নথিতে উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ )

বিতরণঃ(জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ---------------------------------------------------------------------------------------- দপ্তর/অধিদপ্তর ।
২। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার(এনটিএমসি),ঢাকা।
৩। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন,সেগুন বাগিচা,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬।

নং-৪৪.০০.০০০০.০২৪.০৮.০০৯.২০১৯-৭৯০/১(৬) তারিখ ঃ ১৭ নভেম্বর, ২০১৯ খ্রিঃ। ০২ অগ্রহায়ণ ১৪২৬ বঃ

অনুলিপিঃ-সদয় জ্ঞতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব